

## যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৬৮

১/ বিবিধ

আরবী

من أسرج في مسجد من مساجد الله بسراج، لم تزل الملائكة وحملة العرش  
يستغفرون له؛ ما دام في ذلك المسجد ضوء من ذلك السراج  
موضوع

رواه محمد بن عثمان بن أبي شيبة في "كتاب العرش" (111/1 - 2) : حدثنا أبو  
يعقوب الكاهلي : نا مهاجر بن كثير الأسدية أبو عامر : حدثنا الحكم بن مصقلة عن  
أنس بن مالك مرفوعا

ورواه الحارث بن أبي أسامة في "مسنده" (ص 31 من زوائد) : حدثنا إسحاق بن  
بشر : حدثنا أبو عامر الأسدية مهاجر بن كثير به  
قلت: وهذا إسناد موضوع، وفيه آفات  
الأولى: الحكم بن مصقلة، قال الأزدي: كذاب. وقال البخاري: "عنه  
عجائب". ثم ذكر له حديثا  
موضوعا، لكن فيه إسحاق بن بشر فهو الآفة  
قلت: ثم ساق له هذا الحديث  
الثانية: مهاجر بن كثير. قال أبو حاتم والأزدي  
"متروك الحديث"

الثالثة: إسحاق بن بشر وهو أبو يعقوب الكاهلي الذي في سند ابن أبي شيبة وهو

كذاب عند جماعة، وقال الدارقطني  
" هو في عداد من يضع الحديث "  
(تنبيه) : لم يقف شيخ الإسلام ابن تيمية على هذا الإسناد، فقد ذكر الحديث في  
الفتاوى " (2/198) وقال  
" لا أعرف له إسنادا عن النبي صلى الله عليه وسلم "  
فقد عرفنا إسناده، وبيننا حاله، ومنه علمنا أنه كلاماً إسناد  
وقد جاء بإسناد آخر، ولكنه لا يعني شيئاً، وهو (الاتي)

বাংলা

১১৬৮। যে ব্যক্তি আল্লাহর ঘর মসজিদসমূহের কোন এক মসজিদকে বাতি দ্বারা আলোকিত করবে, ফেরেশতারা এবং আরশকে বহনকারীরা তার জন্য ক্ষমা প্রার্থনা করতে থাকবে, যে পর্যন্ত সে মসজিদে সে বাতির আলো থাকবে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে মুহাম্মাদ ইবনু উসমান ইবনু আবী শাইবাহ "কিতাবুল আরশ" গ্রন্থে (১১১/১-২) আবু ইয়াকুব কাহেলী সূত্রে মুহাজির ইবনু কাসীর আসাদী আবু আমের হতে, তিনি হাকাম ইবনু মুসকালাহ হতে ... বর্ণনা করেছেন।

হাদীসটিকে হারিস ইবনু আবী উমামাহ তার "মুসনাদ" গ্রন্থে (পঃ ৩১) ইসহাক ইবনু বিশর সূত্রে আবু আমের আসাদী মুহাজির ইবনু কাসীর হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এতে তিনটি সমস্যা রয়েছেঃ

১। হাকাম ইবনু মুসকালাহ সম্পর্কে হাফিয় যাহাবী বলেনঃ আযদী বলেছেনঃ তিনি মিথ্যুক। ইমাম বুখারী বলেনঃ তার নিকট আজব আজব বস্তু রয়েছে। অতঃপর তিনি তার একটি বানোয়াট হাদীস উল্লেখ করেছেন। কিন্তু তাতে বর্ণনাকারী ইসহাক ইবনু বিশর রয়েছেন, তিনিই হাদীসটির সমস্যা।

আমি (আলবানী) বলছিঃ অতঃপর তিনি এ হাদীসটি উল্লেখ করেছেন।

২। মুহাজির ইবনু আবী কাসীর সম্পর্কে আবু হাতিম ও আযদী বলেনঃ তিনি মাতরকুল হাদীস।

৩। ইসহাক ইবনু বিশর হচ্ছেন আবু ইয়াকুব কাহেলী, ইবনু আবী শায়বার সনদে তাকেই উল্লেখ করা হয়েছে। একদল মুহাদ্দিসের নিকট তিনি একজন মিথ্যুক। দারাকুতনী বলেনঃ তিনি সে দলেরই অন্তর্ভুক্ত যারা হাদীস জাল

করত ।

সতর্কবাণীঃ শাইখুল ইসলাম ইবনু তাইমিয়াহ এর সনদটি সম্পর্কে অবগত না হয়ে, হাদীসটিকে "আল-ফাতাওয়া" গ্রন্থে (২/১৯৮) উল্লেখ করে বলেছেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এর সনদ সম্পর্কে অবগত নই ।

কিন্তু আমরা এটির সনদ সম্পর্কে অবগত হয়েছি এবং তার দুরবস্থা সম্পর্কেও বর্ণনা দিয়েছি ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72047>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন